

জেলা পরিষদ ফেনী।

www.zpfeni.gov.bd

স্মারক নং- জেপফে/সা:/নি:প:ব:/০১/২০১৭/ ২৩০

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
৩১ মে, ২০১৭ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নং-৪৬.০৪২.০১১.০২.০০.০০২.২০১৪.১১০১, তারিখ: ১৭ মে ২০১৭ এর ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা পরিষদ, ফেনী কার্যালয়ে নিম্নবর্ণিত শূণ্য পদে লোক নিয়োগের জন্য ফেনী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম-দপ্তরী	০১ (এক) টি	৮৫০০-২০৫৭০	এস এস সি পাশ।	

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী বরাবরে স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ০৩/০৭/২০১৭ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ফেনী জেলা পরিষদে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।

১। সাদা কাগজে প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্রে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ করতে হবে :

(ক) পদের নাম:	(জ) বয়স (০৩/০৭/২০১৭খ্রি: তারিখ পর্যন্ত)
(খ) প্রার্থীর নাম:	(ঝ) ধর্ম:
(গ) পিতার নাম:	(ঞ) জাতীয়তা:
(ঘ) মাতার নাম:	(ট) শিক্ষাগত যোগ্যতা:
(ঙ) স্থায়ী ঠিকানা:	(ঠ) অভিজ্ঞতা(প্রযোজ্য ক্ষেত্রে):-
(চ) বর্তমান ঠিকানা:	(ড) জন্ম তারিখ:
(ছ) ফোন/মোবাইল নম্বর:	(ঢ) ব্যাঙ্ক ড্রাফট/পে-অর্ডার এর বিবরণ:

- ২। কম্পিউটার চালানোয় (এম,এস,ওয়ার্ড,এম এস এক্সেল, ইন্টারনেট ব্রাউজিং) দক্ষ প্রার্থী অগ্রাধিকার পাবে।
- ৩। প্রার্থীর বয়স আগামী ০৩/০৭/২০১৭খ্রি: তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবে:
ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি, ভোটার আইডি কার্ডের ফটোকপি/জন্ম নিবন্ধন সনদ।
খ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- ৫। যেকোন তফসিলী ব্যাঙ্ক হতে ১০০/- (একশত) টাকার ব্যাঙ্ক ড্রাফট/পে- অর্ডার (অফেরতযোগ্য) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী এর অনুকূলে জমা দিতে হবে।
- ৬। চাকুরীর শর্তাবলী বেতন ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, স্থানীয় সরকার (জেলা পরিষদ কর্মকর্তা/কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৯০ এবং কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।
- ৭। চাকুরীতে নিয়োগের পূর্বে পুলিশি যাচাই প্রতিবেদন এবং সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদ জমা দিতে হবে।
- ৮। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। এ নিয়োগ অস্থায়ী। নিয়োগ সম্পর্কে কোন জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। আবেদনপত্রে যে কোন প্রকার ভুল/অসত্য তথ্য প্রদান করা হলে উক্ত তথ্য প্রদানকারীর আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিলযোগ্য এবং এর জন্য ভুল/অসত্য তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে।
- ১২। জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া বা যে কোন/সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(শারমিন জাহান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফেনী
ফোন: ০৩৩১-৬১৪০১

০৩/০৭/১৭

স্মারক নং- জেপফে/সা:/নি:প:ব:/০১/২০১৭/ ২৬০(৫)/১

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
৩১ মে, ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক, ফেনী।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, ফেনী।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ৬। উপ পরিচালক (উপ সচিব) স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।
- ৭। সিভিল সার্জন, ফেনী।
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফেনী।
- ৯। সম্পাদক, দৈনিক সমকাল, ঢাকা / দৈনিক স্টারলাইন ফেনী বিজ্ঞাপনটি এক সংখ্যায় ভিতরের পাতায় ৭" x ৩ কলামে আগামী ০৫/০৬/২০১৭ খ্রি: তারিখের মধ্যে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
- ✓ ১০। অফিস কপি/ নোটিশ বোর্ড।

স্বাক্ষর
তারিখ

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফেনী।

০১/০৬/১৭